দৈনিক জনকণ্ঠ

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 25 MAR 1995 ...
পৃষ্ঠা ১০ কলাম ৩......

\\17

# ৮ এপ্রিল থেকে সরকারী কলেজ শিক্ষকদের অবিরাম কর্মবিরতি

আগামী ৮ এপ্রিল থেকে ১২ হাজার সরকারী কলেজ শিক্ষক অবিরাম কর্মবিরতি শুরু করবে। পদোন্নতি ও আর্থিক সুবিধাদি বাড়ানোসহ ১২ দফা দাবি আদায়ের জন্য বাংলাদেশ সরকারী কলেজ অধ্যাপক এসোসিয়েশন ও বাংলাদেশ সরকারী কলেজ লেকচারার এসোসিয়েশন যৌথভাবে বৃহস্পতিবার এ কর্মসূচী ঘোষণা করে। এসোসিয়েশন দুটির যৌথ বিবৃতিতে আগামী জুন ও জুলাই মাসে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষা বর্জন করারও সিদ্ধান্ত ঘোষিত হয়। বিবৃতিতে শিক্ষকদের পদোন্নতি, নতুন পদ সৃষ্টি ও ৬ হাজার শূন্য পদ পূরণের জন্য সরকারের প্রতি আহবান জানানো হয়। সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি অধ্যাপক কামাল আতাউর রহমান ও মহাসচিব আবদুল হালিম শিক্ষকদের দাবির ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও শিক্ষাসচিবের প্রতি আহবান জানিয়েছেন।